# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 03 April, 2025

পার্বত্য চট্টগ্রামের সব সহিংসতার মূল কারণ চাঁদাবাজি বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

বৃহস্পতিবার (৩ এপ্রিল) দুপুরে রাঙ্গামাটি বিজিবি সেক্টর সদরদপ্তরে এক প্রেস ব্রিফিংয়ে তিনি এ মন্তব্য করেন।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, চাঁদাবাজি বন্ধ করা না গেলে পার্বত্য চট্টগ্রামে সহিংসতা বন্ধ করা যাবে না।কোট-স্যুট পরা লোকরাই বড় বড় কথা বলে এসব জিইয়ে রাখে।কোনো অবস্থায়ই এসব চাঁদাবাজি-সন্ত্রাস বরদাশত করা হবে না।কঠোর হাতে এদের দমন করা হবে।কাউকে ছাড় দেওয়া হবে না।

তিনি আরও বলেন, ভারতীয় মিডিয়া মিথ্যা বলায় চ্যাম্পিয়ন।তাদের কিছু মিডিয়ার কাজই হচ্ছে বাংলাদেশ নিয়ে মিথ্যা প্রচার করা।সত্য প্রচারের মধ্যদিয়ে বাংলাদেশের মিডিয়াগুলোর এর জবাব দিতে হবে।

প্রেস ব্রিফিংয়ে পার্বত্য চট্টগ্রামবিষয়ক উপদেষ্টা সুপ্রদীপ চাকমা, বিজিবির মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জান সিদ্দিকী উপস্থিত ছিলেন।

স্বরাষ্ট্র-উপদেষ্টা ভারত সাংবাদিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:19

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/260775807